

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ  
(আইসিটি শাখা)  
[www.sunamganj.gov.bd](http://www.sunamganj.gov.bd)

স্মারক নং ০৫.৪৬.৯০০০.০৩১.০১.০০৬.১৭/ ১ ৬৫ (১০)

তারিখ: ০৬ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ


বিষয় : ডিজিটাল সেন্টার শক্তিশালী ও টেকসইকরণ বিষয়ে জেলা পর্যায়ে উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিমূলক ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন।

সূত্র : এটুআই প্রোগ্রামের ০১ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৭/২১৫৪(৮) নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের দোরগোড়ায় সেবা প্রদানের ক্ষেত্রে দেশে বিদ্যমান ডিজিটাল সেন্টারসমূহকে আরো কার্যকরভাবে ব্যবহার এবং উদ্যোক্তাবৃন্দকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জেলা পর্যায়ে নিম্নোক্ত ছক মোতাবেক প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে প্রতি ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে ০২ (দুই) জন করে উদ্যোক্তার অংশগ্রহণের জন্য এটুআই প্রোগ্রাম হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, নিম্নোক্ত ছকে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী তাঁর উপজেলার ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অংশগ্রহণকারী উদ্যোক্তাদের তালিকা আগামী ২৭ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ব্যাচ নং	তারিখ	সময়	স্থান	অংশগ্রহণকারী উদ্যোক্তা
০১	২৮-৩০ আগস্ট, ২০১৭	প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল	সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ	বিশ্বম্ভরপুর, দক্ষিণ সুনামগঞ্জ ও তাহিরপুর উপজেলার উদ্যোক্তাবৃন্দ
০২	১১-১৩ সেপ্টেম্বর, ২০১৭	৫.০০ ঘটিকা পর্যন্ত		জগন্নাথপুর, সুনামগঞ্জ সদর ও শাল্লা উপজেলার উদ্যোক্তাবৃন্দ

  
(ফয়সাল রায়হান)

সহকারী কমিশনার (আইসিটি)  
সুনামগঞ্জ

ফোন : ০৮৭১-৬২৬৪৭

[acictsunamganj@yahoo.com](mailto:acictsunamganj@yahoo.com)

উপজেলা নির্বাহী অফিসার

বিশ্বম্ভরপুর/দক্ষিণ সুনামগঞ্জ/ তাহিরপুর/ জগন্নাথপুর/ সুনামগঞ্জ  
সদর/ শাল্লা, সুনামগঞ্জ।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সুনামগঞ্জ।

২। নেজারত ডেপুটি কালেক্টর, সুনামগঞ্জ।

৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ (তাকে বর্ণিত তারিখসমূহে একজন অপারেটরসহ সার্কিট হাউজ সম্মেলন কক্ষে সাউন্ড সিস্টেম সরবরাহের অনুরোধ করা হলো)।

৫। অফিস কপি।